২১০০৯১১২৩০৮২১০০৭২

# কর্মসংস্থান ব্যাংক

প্রধান কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ভবন
১ রাজউক এভিনিউ, ঢাকা - ১০০০।
টেলিফোন: ০২-৪১০৫০৭৩১
ই-মেইল: chairman@kb.gov.bd

চেয়ারম্যান
পরিচালনা বোর্ড

ডিও লেটার নম্বর: ৫৩.৯৭.০০০০.০১০.৯৯.০০৭.২৩. ১৪৮

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩০
১৪ আগস্ট ২০২৩

21 AUG 2023

বিষয়: জেলার তথ্য বাতায়নে কর্মসংস্থান ব্যাংকের কার্যক্রম আপলোডকরণ।

কর্মসংস্থান ব্যাংক সরকার মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ব্যক্তিগত উদ্যোগে দেশের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন ও প্রশিক্ষণপ্রাপ্ত জনগোষ্ঠি বিশেষ করে বেকার যুবদের কর্মসংস্থানের উদ্দেশ্যে ১৯৯৮ সনের ৭ নং আইন বলে এ ব্যাংক প্রতিষ্ঠিত হয়েছে।

০২। বর্তমানে দেশে মোট জনসংখ্যার বিরাট অংশ কর্মক্ষম। এই বিপুল জনগোষ্ঠিকে অর্থনৈতিক উন্নয়ন কর্মকান্ডে সম্পৃক্তকরণ ব্যতিরেকে দেশের সুষম উন্নয়ন সম্ভব নয়। কর্মসংস্থান ব্যাংক দেশের বেকার যুবদের অর্থনৈতিক কর্মকান্ডে সম্পৃক্ত করার লক্ষ্যে নিবিড়ভাবে কাজ করে যাচ্ছে। এ ব্যাংক উৎপাদনমুখী, সেবা ও ব্যবসায়িক খাতে ঋণ প্রদানের পাশাপাশি সরকারি বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের লক্ষ্যে তরুণদের মধ্যে উদ্যোক্তা হওয়ার প্রবণতা ও আত্মকর্মসংস্থান বৃদ্ধি করতে দেশের বেকার ও অর্ধবেকারদের আত্মকর্মসংস্থানের জন্য কর্মসংস্থান ব্যাংক সহজ শর্তে ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত জামানতবিহীন ঋণ প্রদান করছে। ব্যাংক ২৭৭টি শাখা, ৩৩টি আঞ্চলিক কার্যালয় ও ৪টি বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করছে। এ ব্যাংক শুরু থেকে ৩০.০৬.২০২৩ পর্যন্ত ৯,৪৩,০১০ জনের অনুকূলে ১২৬৯৫.০৬ কোটি টাকা ঋণ বিতরণ করেছে। এতে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ৩৪,০৪,২৬৬ জনের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। তবে এখনও অধিকাংশ ক্ষেত্রে দেশের বেকার যুব ও যুব মহিলারা সুদের কারবারি, মহাজন, দাদনদার অথবা বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠানের কাছ থেকে উচ্চ হার সুদে ঋণ গ্রহণ করে তাদের অর্থনৈতিক কর্মকান্ড পরিচালনা করে। ফলে তাদের কাঙ্খিত উন্নয়ন হচ্ছে না। পক্ষান্তরে কর্মসংস্থান ব্যাংক স্বল্প সুদে ও সহজ শর্তে ঋণ প্রদান করে। কর্মসংস্থান ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে অর্থনৈতিক কর্মকান্ড পরিচালনা করলে বেকার যুবদের কাঙ্খিত উন্নয়ন ঘটবে বলে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি।

০৩। আপনার জেলায় কর্মসংস্থান ব্যাংকের ০৪ টি শাখা আছে (পরিশিষ্ট-'ক')। জেলা তথ্য বাতায়ন দেশের গণযোগাযোগের অন্যতম গুরুত্বপূর্ণ মাধ্যম। সরকারের যে কোনো কর্মসূচির সফল প্রচার এবং বাস্তবায়নে এর ভূমিকা অনস্বীকার্য। অন্যদিকে কর্মসংস্থান ব্যাংকের তথ্য ও সেবা প্রাপ্তির বিষয়ে দেশের বেকার যুব ও যুব মহিলারা ব্যাপকভাবে অবহিত নয়। ফলে এ ব্যাংকের তথ্য ও সেবা সংক্রান্ত বিষয়াবলি জেলা তথ্য বাতায়নে আপলোড হলে দেশের বেকার যুব ও যুব মহিলারা বিষয়টি অবহিত হয়ে আত্মকর্মসংস্থানে মনোনিবেশ করবে বলে মনে করি। এছাড়া, জেলা ও উপজেলা প্রশাসন চত্বরে কর্মসংস্থান ব্যাংক কর্তৃক স্থাপিতব্য ব্যানার, পোস্টার ও লিফলেট প্রদর্শনের প্রয়োজনীয় অনুমোদন ও নির্দেশনা প্রদান করা হলে এ ব্যাংকের কার্যক্রম সম্পর্কে সকলে সম্যক অবহিত হতে পারবে।

০৪। এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার বিশেষ উদ্যোগে প্রতিষ্ঠিত কর্মসংস্থান ব্যাংক সম্পর্কিত তথ্য ও সেবা (পরিশিষ্ট-'খ') জেলা তথ্য বাতায়নে সন্নিবেশিত করে কর্মসংস্থান ব্যাংকের প্রচার-প্রচারণায় প্রয়োজনীয় সহযোগিতা ও ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার

(মোঃ সায়েদুল ইসলাম)
চেয়ারম্যান, পরিচালনা বোর্ড,
কর্মসংস্থান ব্যাংক
ও
সাবেক সচিব (পিআরএল ভোগরত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনাব মোহাম্মদ জাহেদুর রহমান
জেলা প্রশাসক
পিরোজপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাজিরপুর, পিরোজপুর।
পত্র প্রাপ্তি নং............ তারিখ......................
☐ সর্বোচ্চ অগ্রাধিকার ☐ অতীব জরুরী ☐ জরুরী ☐ রুটিন
☐ ........................ ☐ পেশ করুন
☐ প্রশাসনিক কর্মকর্তা ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
☐ উপ-প্রশাসনিক কর্মকর্তা ☐ আলোচনা করুন
☐ সহকারী প্রশাসনিক কর্মকর্তা ☐ নথিজাত করুন
☐ উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা ☐ সংরক্ষণ করুন
☐ অফিস সহকারী ☐ ........................
☐ সার্টিফিকেট সহকারী ☐ ........................

উপজেলা নির্বাহী অফিসার

# কর্মসংস্থান ব্যাংক

প্রধান কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ভবন
১, রাজউক এভিনিউ, ঢাকা - ১০০০।
www.kb.gov.bd


পরিশিষ্ট-'খ'

০১। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা বেকার যুবদের কর্মসংস্থানের লক্ষ্যে ১৯৯৮ সালে কর্মসংস্থান ব্যাংক প্রতিষ্ঠা করেন।

০২। সরকার কর্তৃক নিষিদ্ধ নয় এমন সকল ক্ষেত্রে ব্যাংক ঋণ প্রদান করে।

০৩। ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে জামানতের প্রয়োজন হয় না।

০৪। সুদ হার: ৩% থেকে ৯% (সরল)।

০৫। কর্মসংস্থান ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে স্বাবলম্বী হোন।

০৬। কর্মসংস্থান ব্যাংক বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু।

# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্রমালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

পরিশিষ্ট-'ক'

**বিষয়: জেলাভিত্তিক শাখার তালিকা।**

| জেলার নাম | শাখার | |
|---|---|---|
| | ক্র.নং | নাম |
| পিরোজপুর | ১ | পিরোজপুর |
| | ২ | নেছারাবাদ |
| | ৩ | নাজিরপুর |
| | ৪ | মঠবাড়ীয়া |

দাদনদার অথবা বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠানের কাছ থেকে উচ্চ হার সুদে ঋণ গ্রহণ করে তাদের অর্থনৈতিক কর্মকান্ড পরিচালনা করে। ফলে তাদের কাঙ্খিত উন্নয়ন হচ্ছে না। পক্ষান্তরে কর্মসংস্থান ব্যাংক স্বল্প সুদে ও সহজ শর্তে ঋণ প্রদান করে। কর্মসংস্থান ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে অর্থনৈতিক কর্মকান্ড পরিচালনা করলে বেকার যুবদের কাঙ্খিত উন্নয়ন ঘটবে বলে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি।

০৩। আপনার জেলায় কর্মসংস্থান ব্যাংকের ০৪ টি শাখা আছে (পরিশিষ্ট-'ক')। জেলা তথ্য বাতায়ন দেশের গণযোগাযোগের অন্যতম গুরুত্বপূর্ণ মাধ্যম। সরকারের যে কোনো কর্মসূচির সফল প্রচার এবং বাস্তবায়নে এর ভূমিকা অনস্বীকার্য। অন্যদিকে কর্মসংস্থান ব্যাংকের তথ্য ও সেবা প্রাপ্তির বিষয়ে দেশের বেকার যুব ও যুব মহিলারা ব্যাপকভাবে অবহিত নয়। ফলে এ ব্যাংকের তথ্য ও সেবা সংক্রান্ত বিষয়াবলি জেলা তথ্য বাতায়নে আপলোড হলে দেশের বেকার যুব ও যুব মহিলারা বিষয়টি অবহিত হয়ে আত্মকর্মসংস্থানে মনোনিবেশ করবে বলে মনে করি। এছাড়া, জেলা ও উপজেলা প্রশাসন চত্বরে কর্মসংস্থান ব্যাংক কর্তৃক স্থাপিতব্য ব্যানার, পোস্টার ও লিফলেট প্রদর্শনের প্রয়োজনীয় অনুমোদন ও নির্দেশনা প্রদান করা হলে এ ব্যাংকের কার্যক্রম সম্পর্কে সকলে সম্যক অবহিত হতে পারবে।

০৪। এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার বিশেষ উদ্যোগে প্রতিষ্ঠিত কর্মসংস্থান ব্যাংক সম্পর্কিত তথ্য ও সেবা (পরিশিষ্ট-'খ') জেলা তথ্য বাতায়নে সন্নিবেশিত করে কর্মসংস্থান ব্যাংকের প্রচার-প্রচারণায় প্রয়োজনীয় সহযোগিতা ও ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার

(মোঃ সায়েদুল ইসলাম)
চেয়ারম্যান, পরিচালনা বোর্ড,
কর্মসংস্থান ব্যাংক
ও
সাবেক সচিব (পিআরএল ভোগরত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনাব মোহাম্মদ জাহেদুর রহমান
জেলা প্রশাসক
পিরোজপুর।

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
পিরোজপুর
(সাধারণ শাখা)
www.pirojpur.gov.bd

স্মারক নম্বর: ০৫.১০.৭৯০০.০০৮.৯৯.০০৬.২৩.৮২৬

তারিখ: ১২ ভাদ্র ১৪৩০ / ২৭ আগস্ট ২০২৩

উপরোক্ত পত্রের নির্দেশনার আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোহাম্মদ আনিসুল ইসলাম
সহকারী কমিশনার
সাধারণ শাখা
☎ ০২৪৭৮৮৯০৭৭৬
Email:generalsectionpirojpur@gmail.com

০১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
পিরোজপুর।
০২। সহকারী প্রোগামার
জেলা আইসিটি কার্যালয়, পিরোজপুর।